গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.২২.০০১.১৯.৬০৩ তারিখ: ২০/০৩/২০২২

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাধ্যমিক বিদ্যালয়সমূহে ফ্রিকোয়েন্সি অনুসারে বার্ষিক পরিদর্শন ক্যালেন্ডার প্রস্তুতকরণ**

২০৩০ সালের মধ্যে SDG-4 এর কাঙ্ক্ষিত লক্ষ্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্য পূরণের জন্য প্রয়োজন শিক্ষার কার্যকর একাডেমিক সুপরভিশন এবং মনিটরিং কার্যক্রম জোরদারকরণ। এ লক্ষ্যে মাউশি অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন শিক্ষা অফিসে কর্মরত কর্মকর্তাগণ নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করে নির্ধারিত ছকে মনিটরিং প্রতিবেদন মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং, মাউশি অধিদপ্তরে প্রেরণ করে থাকেন। প্রতিষ্ঠান পর্যায়ে নিয়মিত ও কার্যকর একাডেমি সুপারভিশন এবং মনিটরিং নিশ্চিতকরণের লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে ২০২২ সাল হতে ফ্রিকোয়েন্সি অনুসারে বার্ষিক পরিদর্শন ক্যালেন্ডার DMS অ্যাপ/ ড্যাশবোর্ড এর মাধ্যমে প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে নিম্নলিখিত নীতিমালা অনুসরণীয়:

১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণীত ISAS-2019 এর প্রতিবেদনের আলোকে মাউশি অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পারফর্মেন্স এর ভিত্তিতে প্রতিষ্ঠানসমূহকে A, B, C, D এবং E ক্যাটাগরীতে শ্রেণিবিণ্যাস করা হয়েছে (তালিকা সংযুক্ত)। পাঁচটি ক্যাটাগরীর প্রতিষ্ঠানসমূহই যেন বছরব্যাপী প্রয়োজন মাফিক পরিদর্শনের আওতাভুক্ত হয় এ উদ্দেশ্যে সকল ক্যাটাগরীর বিদ্যালয় পরিদর্শনের জন্য নিম্নোক্ত প্রমাপ অনুসৃত হবে:

মাঠ পর্যায়ের কর্মকর্তাদের বিদ্যালয় মনিটরিং ও একাডেমিক সুপারভিশনের বার্ষিক ফ্রিকোয়েন্সি (Frequency):

| ক্যাটাগরী- এ | ক্যাটাগরী- বি | ক্যাটাগরী-সি | ক্যাটাগরী-ডি/ই |
|---|---|---|---|
| প্রতি ৩ মাসে ১ বার<br>বাৎসরিক পরিদর্শন সংখ্যা-৪টি | প্রতি ২ মাসে ১ বার<br>বাৎসরিক পরিদর্শন সংখ্যা- ৬টি | প্রতি ৪৫ দিনে (দেড় মাসে) ১ বার<br>বাৎসরিক পরিদর্শন সংখ্যা- ৮টি | প্রতি মাসে ১ বার<br>বাৎসরিক পরিদর্শন সংখ্যা-১২টি |

২। সকল জেলা শিক্ষা কর্মকর্তা তার জেলার প্রত্যেক উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও অন্যান্য পরিদর্শনকারী কর্মকর্তাগণের সমন্বয়ে আগামী ৩০ মার্চ ২০২২ তারিখের মধ্যে একটি সমন্বয় সভা করবেন, তাঁর জেলার মাধ্যমিক বিদ্যালয়সমূহ পরিদর্শনের নিমিত্ত ক্লাস্টার ভিত্তিক সকল কর্মকর্তার (জেলা শিক্ষা কর্মকর্তা, সহকারী জেলা শিক্ষা কর্মকর্তা, সহকারী পরিদর্শক, থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সহকারী থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, একাডেমিক সুপারভাইজার) মধ্যে বন্টন করবেন এবং DMS অ্যাপ/ ড্যাশবোর্ড এ ইনপুট দেবেন। পরিদর্শনকারী কর্মকর্তার স্বল্পতা সাপেক্ষে জেলা শিক্ষা কর্মকর্তা প্রয়োজনবোধে গবেষণা কর্মকর্তাকে তার নির্ধারিত দায়িত্ব পালন সাপেক্ষে পরিদর্শনের দায়িত্ব প্রদান করতে পারবেন। উক্ত সমন্বয় সভায় পরিচালক (অঞ্চলিক) প্রধান অতিথি এবং উপ-পরিচালক (মাধ্যমিক) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

৩। সকল পরিদর্শনকারী কর্মকর্তা dshe.mmcm.gov.bd ওয়েবসাইটে গিয়ে অথবা গুগোল প্লে ষ্টোর হতে Digital Monitoring System (DMS) অ্যাপ ডাউনলোড করে নিজ নিজ emis.gov.bd এর ব্যবহৃত আইডি এবং সরবরাহকৃত পাসওয়ার্ড দিয়ে লগইন করে সংযুক্ত নির্দেশিকা অনুযায়ী বার্ষিক পরিদর্শন ছক পূরণ করবেন।

৪। প্রত্যেক জেলা এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ মাসে নূন্যতম ৫টি বিদ্যালয়ে পরিদর্শন করবেন।

৫। ক্যাটাগরীভুক্ত বিদ্যালয়ের বাইরে কোন বিদ্যালয় থাকলে তা ক্লাস্টারে অন্তর্ভুক্ত করে মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

সংযুক্তি:
১. ISAS-2019 শিক্ষা প্রতিষ্ঠানের ক্যাটাগরী তালিকা
২. ড্যাশবোর্ড এ বার্ষিক পরিদর্শন ক্যালেন্ডার ইনপুট এর ম্যানুয়াল

স্বাক্ষরিত/-
**(প্রফেসর নেহাল আহমেদ)**
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.২২.০০১.১৯.১০৬ তারিখ: ২০/০৩/২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২. যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৩. আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. উপ-পরিচালক (মাধ্যমিক, সকল অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
১০. উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)
১১. উপজেলা/ থানা একাডেমিক সুপারভাইজার (সকল)
১২. পি এ টু, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৩. সংরক্ষণ নথি।

20/03/2022

**(মোহছেনা বেগম)**
সহকারী পরিচালক
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
বাংলাদেশ, ঢাকা

ডিজিটাল মনিটরিং সিস্টেম

# বার্ষিক পরিদর্শন পরিকল্পনা প্রস্তুতকরণ ম্যানুয়াল

ওয়েব ম্যানুয়াল Version <১.০> <March ৯, ২০২২ >

## VERSION HISTORY

| Version Number | Implemented By | Revision Date | Approved By | Approval Date |
|---|---|---|---|---|
| 1.0 | Esha Sheikh<br>Dream71 Bangladesh Ltd. | March 9,2022 | S.M.H Arafat<br>Dream71 Bangladesh Ltd. | 9.3.22 |

প্রয়োজনে যোগাযোগ: ০১৩১২-৫২৭১১১

# Table of Contents

## WEB


লগইন: ........................................................................২
ফর্ম: ........................................................................৩
পরিদর্শন পরিকল্পনা:........................................................................৪
পরিদর্শন পরিকল্পনা যোগ করুন:........................................................................৫
পরিদর্শন পরিকল্পনা লিস্ট: ........................................................................৫
পরিদর্শন রিপোর্ট:........................................................................৫


## APP


লগইন:........................................................................৬
ড্যাশবোর্ড:........................................................................৭
সম্ভাব্য পরিদর্শনের তারিখ ক্যালেন্ডারে: ........................................................................৮
পরিদর্শন পরিকল্পনা যোগ করুন:........................................................................৯
পরিদর্শন পরিকল্পনা যোগ করার পর:........................................................................১০
পরিদর্শন পরিকল্পনা দাখিল করার পর ক্যালেন্ডার ভিউ চেক করুন:........................................................................১১
উদাহরণ:........................................................................১২

# Introduction

ডিজিটাল মনিটরিং সিস্টেম (DMS) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং এর তত্ত্বাবধানে তৈরী একটি ইন্টার-অ্যাকটিভ ওয়েবেবেইজ লাইভ সফটওয়্যার যা মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন পর্যায়ের গুণগত মনিটরিং এর জন্য মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ মোবাইল প্লাটফর্মে ব্যবহার করতে পারবেন।

প্রাতিষ্ঠানিক পর্যায়ের মনিটরিং এর জন্য এনড্রয়েড অ্যাপ প্রস্তুত করা হয়েছে, যার মাধ্যমে মাল্টিমিডিয়া পরিদর্শন প্রতিবেদন, শ্রেণিকার্যক্রম প্রতিবেদন ও সাধারণ পরিদর্শন প্রতিবেদন জমাদেয়ার পাশাপাশি পূর্ববর্তী প্রতিবেদনসমূহ দেখার ব্যবস্থা রয়েছে।


উল্লেখ্য অ্যাডমিন লেভেলে পরিদর্শন পরিকল্পনা (পরিদর্শন ক্যালেন্ডার) তৈরীর সুবিধা এই নতুন অ্যাপে রয়েছে। তবে এই পরিদর্শন পরিকল্পনা তৈরীর সুবিধাটি শুধুমাত্র অ্যাপ নয়, ওয়েবসাইট (ল্যাপটপ/ডেস্কটপ) এর মাধ্যমেও করা সম্ভব।

# WEB


## লগইন:

ওয়েবে লগিন করার জন্য প্রথমে http://dshe.mmcm.gov.bd/ লিংকে প্রবেশ করতে হবে এবং নিচের চিত্রের ন্যায় লগইন পেজ আসবে।


লগইন আইডি হবে সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস আইডি এবং ডিফল্ট পাসওয়ার্ড হবে 123456. উল্লেখ্য প্রথম লগইনের পর অবশ্যই আপনি সেটিং এ গিয়ে আপনার পাসওয়ার্ড চেঞ্জ করে নেবেন।





বিদ্র.: যদি আপনার পিডিএস আইডি না থাকে, তবে অবশ্যই http://emis.gov.bd/emis থেকে রেজিষ্ট্রেশন করে আপনার পিডিএস আইডি অ্যাকটিভ করে নেবেন। এক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা ইএমআইএস এর নোটিস এ দেয়া আছে।




**ফর্ম:**


ডিজিটাল মনিটরিং সিস্টেম
চাটমোহর (উপজেলা অ্যাডমিন)
মোঃ গোলাম মোসতাফা
[ সাধারণ - মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ]
চাটমোহর
ফর্ম
ফর্মে ক্লিক করুন
ড্যাশবোর্ড
কর্মকর্তা ব্যবস্থাপনা
প্রতিষ্ঠান ব্যবস্থাপনা
শিক্ষক ব্যবস্থাপনা
বিজ্ঞপ্তি
দাখিলকৃত এমএমসি প্রতিবেদন
মাল্টিমিডিয়া ও শ্রেণী কার্যক্রম
সাধারন পরিদর্শন প্রতিবেদন
রিপোর্টস
বন্ধ
সাধারণ তথ্য
৩০ মোট প্রতিষ্ঠান
৩১ মোট এমএমসি
৩১ মোট সচল এমএমসি
০ মোট অচল এমএমসি
১ সক্রিয় শিক্ষক
২ নিষ্ক্রিয় শিক্ষক
০ উপস্থিত শিক্ষক মোট: ০
০ অনুপস্থিত শিক্ষক অনুমোদিত: ০, অননুমোদিত: ০
০ উপস্থিত কর্মচারী মোট: ০
০ অনুপস্থিত কর্মচারী অনুমোদিত: ০, অননুমোদিত: ০
আজকের আপডেট
এই সপ্তাহ
এই মাস
মোট মাল্টিমিডিয়া ক্লাস হয়েছে ০ টি প্রতিষ্ঠানে
মোট মাল্টিমিডিয়া ক্লাস হয়েছে ০ টি
মোট বিদ্যালয় পরিদর্শন করেছেন ০ জন কর্মকর্তা
মোট বিদ্যালয় পরিদর্শন করেছেন ০ টি
এমএমসি প্রতিবেদন
প্রতিষ্ঠান পারফরমেন্স (%)
প্রতিষ্ঠান পরিদর্শন
শিক্ষার্থীর উপস্থিতি
২০২২
২০২১
২০২০
জানুয়ারী ফেব্রুয়ারি মার্চ এপ্রিল মে জুন জুলাই আগষ্ট সেপ্টেম্বর অক্টোবর নভেম্বর ডিসেম্বর
লিডারবোর্ড
সাপ্তাহিক
মাসিক
বার্ষিক
সেরা ৫ টি প্রতিষ্ঠান
সেরা ৫ জন শিক্ষক
সেরা ৫ জন কর্মকর্তা


## পরিদর্শন পরিকল্পনা:





## পরিদর্শন পরিকল্পনা যোগ করুন:



## পরিদর্শন পরিকল্পনা লিস্ট:





## পরিদর্শন রিপোর্ট:




# APP

**লগইন:** গুগোল প্লে স্টোর এ Digital monitoring system লিখে অ্যাপটি ডাউনলোড করুণ। যাদের পূর্বেই ডাউনলোড করা ছিল তারা গুগোল প্লে স্টোর এ গিয়ে অনুরুপভাবে লিখে আপডেট করে নেবেন।




Install করুণ


Open/ Update করুন




PDS আইডি এবং পাসওয়ার্ড লিখুন


লগইন বাটনে ক্লিক করে লগইন করুন

**ড্যাশবোর্ড:**





পরিদর্শন কল্পনা যোগ করতে ক্লিক করুন

### সম্ভাব্য পরিদর্শনের তারিখ ক্যালেন্ডারে:




## পরিদর্শন পরিকল্পনা যোগ করুন:





পরিদর্শন পরিকল্পনা যোগ করার জন্য IAS ক্যাটেগরি,শিক্ষা প্রতিষ্ঠান এবং তারিখ সিলেক্ট করুন

পরিদর্শন পরিকল্পনা যোগ করা হলে দাখিল করুন বাটনে ক্লিক করুন

পরিদর্শন কল্পনা যোগ করা হলে "ঠিক আছে" অপশনে ক্লিক করে ক্যালেন্ডার চেক করুন



## পরিদর্শন পরিকল্পনা দাখিল করার পর ক্যালেন্ডার ভিউ চেক করুন:




মার্ক করা তারিখের মধ্যে ক্লিক করলে সেই তারিখে কোন প্রতিষ্ঠানের ভিসিট আছে তা দেখা যাবে।

উদাহরণ: নিচের ছবিতে দেখা যাচ্ছে ১ তারিখে ২ টি প্রতিষ্ঠানের ভিসিট আছে।

